অক্টোবর-২০২১ মাসের অনুষ্ঠিত কাপাসিয়া উপজেলা পরিষদের মাসিক উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ আমানত হোসেন খান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কাপাসিয়া, গাজীপুর। |
| সভার তারিখ | ঃ | ২০.১০.২০২১ খ্রি. |
| সময় | ঃ | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কাপাসিয়া, গাজীপুর। |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি গত সভার কার্যবিবরণীর কোন সংযোজনী/সংশোধনী থাকলে তা জানানোর জন্য উপস্থিত সদস্যদের আহবান জানান। সদস্যদের নিকট হতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্যসূচী ভিত্তিক ও দপ্তর ওয়ারী আলোচনা করার জন্য সকল সদস্যকে অনুরোধ করেন।

১। উপজেলা কৃষি অফিসার কাপাসিয়া, গাজীপুর বলেন, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। রোপা আমন আবাদ হাইব্রীড-২২ হেক্টর, উফশী- ১০৫৪০ হেঃ, স্থানীয় ৯২৮ হেঃ সর্বমোট-১১৪৯০ হেঃ। ২০২১-২২ অর্থ বছরে রবি/২০২১ মৌসুমে বিভিন্ন ফসলের ভুট্টা-২৫০ জন, সরিষা- ৬০০ জন, শীতকালীন পেয়াজ- ২০ জন ও মুগ ডাল-২০০ জন সর্বমোট-৮৯০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি প্রনোদনা পাওয়া গিয়াছে। সে মোতাবেক প্রতি কৃষক বিনা মুল্যে বিঘাপ্রতি বীজ ও সার সহায়তা পাবে।

২০২১-২২ অর্থ বছরে রবি/২০২১ মৌসুমের বোরো ধান ফসলের লক্ষ্যমাত্রা- হাইব্রীড- ১২৫০ হেক্টর, উফসী- ১২৭৩০ হেক্টর, স্থানীয়- ১৪০০ হেক্টর, মোট- ১৫৩৮০ হেক্টর লক্ষ্য মাত্রা নেওয়া হয়েছে। বোরো ধান বীজ তোলা লক্ষ্যমাত্রা- হাইব্রীড- ৫০ হেঃ, উফশী- ৬৩৭ হেঃ, স্থানীয় ২.০০ হেঃ সর্বমোট ৬৮৯.০০ হেঃ  লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। রবি বিভিন্ন ফসলের গম-১০ হেঃ, ভুট্টা- ১৫ হেঃ, আলু-১১০ হেঃ, মিষ্টি আলু- ১১০ হেঃ, শীতকালীন শাকসবজি- ১১৭৫ হেঃ, মরিচ- ৯০ হেঃ, চীনা বাদাম- ৫ হেঃ, সুর্য্যমুখী- ৬ হেঃ, মসুর ডাল- ২ হেঃ, মাসকেলাই- ২২০ হেঃ, খেসারী- ২ হেঃ, পেঁয়াজ- ৬০ হেঃ, রসুন- ৫০ হেঃ, শুকনা মরিচ- ১০০ হেঃ, ধনিয়া- ৩৫ হেক্টর।

প্রদর্শনী ঃ

লেবু জাতীয় ফসল- ৩০ টি, কৃষি প্রনোদনা মাসকালাই- ১০০ টি, কৃষি পুনর্বাসন নাবী পাট বীজ উৎপাদন-১৫ টি, তেল জাতীয় ফসল- ২৮ টি, পারিবারিক পুষ্টি বাগান- ৪২ টি, এনএটিপি- ২০ টি, আইপিএম জৈবিক বালাই দমন প্রদর্শনী-৩ টি।

তিনি উপস্থাপন করেন প্রকল্প পরিচালকের কার্যালয়, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা এর ০৮/০৮/২০২১ খ্রি. তারিখের ২৩৯৯ (৬৮৮) নং স্মারকের প্রেক্ষিতে উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষানাগার নির্মাণের জন্য ১২০০ বর্গফুট আয়তনের স্থান নির্বাচন পূর্বক একটি স্কেচ ম্যাপ প্রস্তুত করে প্রকল্প কার্যালয়ে পাঠানোর নির্দেশনা থাকায় জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের ভিতরে একটি স্থান নির্বাচন করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন।

২। উপজেলা প্রাণি সম্পদ অফিসার বলেন, উপজেলা প্রানিসম্পদ দপ্তরের বিভাগীয় কার্যক্রম চলমান আছে।

- কৃত্রিম প্রজনন কার্যক্রম ঃ
  ক) গবাদি পশুর কৃত্রিম প্রজনন সংখ্যা- ১৬৫৫ টি,খ) সংকর জাতের বাছুর উৎপাদন সংখ্যা- ৪৪৯ টি,
- টিকা প্রদানঃ
  ক) গবাদি পশুর টিকা প্রদান- ৪৬৬৪ টি, খ) হাঁস-মুরগীর টিকা প্রদান- ২,০৫,০০০টি
- চিকিৎসা প্রদানঃ
  ক) গবাদি পশুর চিকিৎসা সংখ্যা- ৩৩৮০ টি, খ) হাঁস-মুরগীর চিকিৎসা সংখ্যা- ৮০,৪০০ টি
- খামার স্থাপনঃ
  ক) গাভীর খামার স্থাপন-০১ টি, খ) গরু-হৃষ্টপুষ্টকরণ খামার স্থাপন- ০১ টি, গ) মুরগির খামার স্থাপন ব্রয়লার- ০৩ টি
- উন্নত জাতের ঘাসচাষ ঃ
  ক) নেপিয়ার পাকচং ঘাসচাষ- ৩.৬০ একর খামারী- ০৬ জন
- উঠান বৈঠকের আয়োজন কার্যক্রম- ০৭ টি
  ক) উঠান বৈঠকে অংশগ্রহণকারী সংখ্যা- ৮৪ জন
- উৎপাদন ঃ
  ক) দুধ উৎপাদন- ৪৪২৮ মেঃটন, খ) ডিম উৎপাদন- ৪,৮৮,০০,০০০ টি, গ) মাংস উৎপাদন- ৪১৩৮ মেঃটন

- পশু খাদ্য নমুনা পরীক্ষা (গবেষনাগারে প্রেরণ)- ২০ টি
- পশু খাদ্য বিক্রয় প্রতিষ্ঠান পরিদর্শন- ০৫ টি
- লাইভবার্ড মার্কেট পরিদর্শন- ০৪ টি
- মাংস বিক্রয় স্থাপনা পরিদর্শন ০২ টি
- গবাদি পশুর খামার পরিদর্শন-১৫ টি, ক) হাঁস-মুরগীর খামার পরিদর্শন- ০৮ টি।

৩। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বলেন, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিক ভাবে চলছে।

৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ০১ লা নভেম্বর ২০২১ রোজ সোমবার যুব দিবস ২০২১ উদযাপন করা হবে এবং কাপাসিয়া উপজেলায় যুবকদের মধ্যে ঋন বিতরণ, প্রশিক্ষণের সনদ বিতরণ অনুষ্ঠানে মাননীয় সংসদ সদস্য জনাব সিমিন হোসেন রিমি উপস্থিত থাকবেন বলে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। অক্টোবর ২০২১ মাসের যুব ঋণ, প্রশিক্ষন ও আত্মকর্মী এবং অন্যান্য তথ্যাবলী নিম্নে উপস্থাপন করা হলো ঃ

| ক্রমিক নং | বিষয় | পরিবারভিত্তিক কর্মসূচী | | ক্রমপুঞ্জিত হিসাব | আত্মকর্মসংস্থান | | ক্রমপুঞ্জিত হিসাব |
|---|---|---|---|---|---|---|---|
| | | চলতি মাসের হিসাব | ২০২১-২২ অর্থ বছরের ক্রমপুঞ্জিত | | চলতি মাসের হিসাব | ২০২১-২২ অর্থ বছরের ক্রমপুঞ্জিত হিসাব | |
| ০১ | ঋণ বিতরণ | ০০ | ৪২০০০০/- | ১,০৭৯,২৭,০০০/- | ০০ | ৬১০০০০ | ২১১৬৭০০০ |
| ০২ | ট্রেনিং (০৭ দিন মেয়াদি) | ০০ জন | ৩৫ জন | ১০৩৪৬ | ৬৩ জন | ১১৩ জন | ৬৫৯১ |
| ০৩ | আত্মকর্ম | ০০ জন | ৩৫ জন | ১০৩৪৬ | ০৫ জন | ২০ জন | ৩৫০৮ |
| ০৪ | যুব সমিতি | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ টি | ৬০ |
| ০৫ | প্রশিক্ষনার্থীদের মাঝে সনদ বিতরন। | ০০ | ০০ | | ০০ | ৬৩ জন | ৬৫৯১ |

৫। উপজেলা প্রকৌশলী কাপাসিয়া, গাজীপুর বলেন, তার দপ্তরের উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবনটি পুরাতন ভবনটি কনডেম ঘোষণা এবং অপসারণের লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করে জেলা কনডেমনেশন কমিটিতে প্রেরণ করা হয়েছে। আশা করা যাচ্ছে খুব দ্রুত সময়ের মধ্যে কনডেম ঘোষণার পত্র পাওয়া যাবে বলে সভায় আলোচনা করেন।

৬। উপজেলা সমাজসেবা অফিসার কাপাসিয়া, গাজীপুর তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে মর্মে জানান। এছাড়া

ক) ২০২১-২২ অর্থ বছরের (জুলাই-সেপ্টেম্বর/২১) ইং সময়ের বয়স্ক/বিধবা ও স্বামী পরিত্যক্তা/অস্বচ্ছল প্রতিবন্ধী/ প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তির ১৮,৯০৫ জনের পে-রোল প্রেরণ করা হয়েছে।

খ) ২০২১-২২ অর্থ বছরের ৩২৪ জন অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগী নির্বাচনসহ এমআইএস কার্যক্রম চলমান।

৭। উপজেলা সমবায় অফিসার বলেন, তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। কাপাসিয়া, উপজেলায় মোট সমবায় সমিতি সংখ্যা ২১৪ টি প্রকল্পভুক্ত বিভিন্ন বিভাগের মধ্যে যে প্রকল্পভুক্ত সমবায় সমিতি আরো রয়েছে ১৫০ টি মোট সমবায় সমিতির সংখ্যা-৩৬৪ টি। ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে ১৫০ জন সমবায়ীকে আঞ্চলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিভিন্ন ট্রেড ভিত্তিক সমবায় আঞ্চলিক প্রশিক্ষণ একাডেমি হতে ১৭৫ জনকে প্রশিক্ষিত করা হয়েছে। দেওনা আশ্রয়ন প্রকল্পে একটি সমবায় টেইলারিং হাউজ চালু করার জন্য উপজেলা পরিষদ থেকে ৪টি সেলাই মেশিন বরাদ্দের জন্য সভায় উপস্থাপন করা হয়।
সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প সিভিডিপি প্রকল্পের আওতায় ৬০ টি গ্রাম উন্নয়ন সমবায় সমিতি রয়েছে। ৬০টি সমবায় সমিতির মধ্যে ৫৭ জন গ্রামকর্মী রয়েছে। প্রকল্পের সদস্যদের সমবায় ভিত্তিক উন্নয়নের লক্ষ্যে প্রকল্পের নীতিমালা অনুযায়ী ২৭টি মাসিক ই-প্রশিক্ষন ও যৌথ সভা অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণের মাধ্যমে ২৭০০ জন সমবায়ীদের প্রশিক্ষিত করা হয়েছে। সমবায় উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়েছে ৪টি। উৎপাদন মুলক সমবায় সমিতি গঠন ও নিবন্ধনের ব্যবস্থা করে দেওয়া হয়েছে।

৮। সহকারী প্রকৌশলী, জন-স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাপাসিয়া, গাজীপুর বলেন যে, তার দপ্তরের অন্যান্য কাজকর্ম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।

৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে।

১০। উপজেলা শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর বলেন, ৫ম শ্রেণীর ছাত্রছাত্রীরা প্রতিদিন ক্লাসে আসবে এবং ১ম হতে ৪র্থ শ্রেণী ছাত্র-ছাত্রীরা সপ্তাহে ০১ (একদিন) করে বিদ্যালয়ে আসবে। স্বাস্থ্যবিধি সম্পর্কে জোর দেয়া হয়েছে। প্রতি বেঞ্চে ১জন করে

ছাত্র বসবে। এ পর্যন্ত কোন বিদ্যালয়ে করোনা উপসর্গ ধরা পড়েনি। এছাড়া তার দপ্তরের অন্যান্য কাজকর্ম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।

১১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর বলেন যে, কাপাসিয়া উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচী সেপ্টেম্বর/২০২১- নভেম্বর/২০২১ চক্রে বিভিন্ন ইউনিয়নে ৪৪ (চুয়াল্লিশ) জন ডিলারের মাধ্যমে খাদ্যশস্য বিক্রির কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও ভিজিডিসহ অন্যান্য যাবতীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে।

১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর বলেন, তাঁর দপ্তরের কাজকর্ম যথারীতি চলছে।

ক. বর্তমান গ্রামীণ মাটির রাস্তা সমূহ টেকসই করণের লক্ষে হেরিং বন্ড (এইচবিবি) প্রকল্প চলমান রয়েছে।

২০২০-২১ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) প্রকল্প চলমান রয়েছে।

১৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কাপাসিয়া, গাজীপুর বলেন, আগামী ২৮/১০/২০২১ তারিখ কাপাসিয়া উপজেলার ১১টি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সে করোনা ভাইরাসের গণটিকার ২য় ডোস প্রদান করা হবে। গণটিকার কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রতিটি ইউনিয়ন পরিষদে দুইটি মহিলা বুথ ও একটি পুরুষ বুথ থাকবে। ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশগণ আইন-শৃঙ্খলা রক্ষার্থে সহযোগীতা করারসহ মাইকিং এর ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কাজকর্ম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে বলে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

১৪। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর বলেন মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং নিরাপদ মাতৃত্ব নিশ্চিত করার ক্ষেত্রে কাপাসিয়া উপজেলা ইতোমধ্যে রোল মডেল হিসাবে আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করেছে। তৃণমূল পর্যায়ে গর্ভবতী/ প্রসুতি মা সহ সাধারণ মানুষের আস্থা ও সচেতনতা বৃদ্ধির ফলে কাপাসিয়া উপজেলায় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা গ্রহীতা ও উপকার ভোগীর সংখ্যা প্রতিনিয়ত বেড়েই চলেছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কাজকর্ম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে বলে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

১৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ কাপাসিয়া, গাজীপুর বলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান এর ব্যবহারের জন্য ২০০৯ সালে একটি জীপ গাড়ি বরাদ্দ দেওয়া হয় (গাজীপুর ঘ-১১-০০১৪) জীপ গাড়িটি দীর্ঘদিন ব্যবহারের ফলে বর্তমানে গাড়িটি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। বিভিন্ন সময় গাড়িটি রাস্তায় বিকল হয়ে পড়ে যায়। যার কারণে সঠিক স্থানে নির্ধারিত সময়ে পৌছানো সম্ভব হয় না। গাড়িটি বার বার মেরামত করা সত্বেও গাড়িটির ত্রুটি দেখা দিচ্ছে। বর্তমানে গাড়িটি ব্যবহারের অনুপযোগী হওয়ায় পুরাতন জীপ গাড়িটি কনডেম ঘোষণা করণ এবং জেলা কনডেমনেশন কমিটিতে প্রেরণ করার জন্য আলোচনা করেন।

তিনি আরো বলেন, কাপাসিয়া উপজেলার টোক ইউনিয়নের বীর উজলী আমতলী হতে ছাটাবর রাস্তায় ডায়মন্ড এর নিকট কালভাট ও রাস্তা মেরামত করণ। ধরপাড়া ডা: কাদের সাহেবের বাড়ির নিকট পাকা রাস্তা হতে সার্জেন্ট (অব:)আঃ বাতেন সাহেবের বাড়ী পর্যন্ত রাস্তা ইটে সলিং করণ প্রকল্প দুইটি উপজেলা প্রকৌশলী,কাপাসিয়া, গাজীপুরকে সরেজমিনে পরিদর্শণ করে প্রাক্কলন করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন।

বিস্তারিত আলোচনা পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| ১। উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষানাগার নির্মাণের জন্য ১২০০ বর্গফুট আয়তনের জায়গা উপজেলা পরিষদের ভিতর নির্বাচন ও স্কেচ ম্যাপ প্রস্তুত বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>৩। উপজেলা কৃষি অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>৪। উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর। |
| ২। উপজেলা পরিষদ চেয়ারম্যানের পুরাতন জীপ গাড়িটি যার নম্বর (গাজীপুর ঘ-১১-০০১৪) কনডেম ঘোষণা করণ এবং জেলা কনডেমনেশন কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আমানত হোসেন খান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কাপাসিয়া, গাজীপুর।